

ছড়ায় ছড়ায় ইসলাম
মহসিন হোসাইন

মহসিন হোসাইনের

# ছড়ায় ছড়ায় ইসলাম

বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ
ঢাকা-চট্টগ্রাম

www.pathagar.com

# ছড়ায় ছড়ায় ইসলাম

মহসিন হোসাইন

প্রকাশক

এস. এম. রইসউদ্দিন

পরিচালক-প্রকাশনা

বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ

চট্টগ্রাম অফিস-নিয়াজ মঞ্জিল, ৯২২ জুবিলী রোড, চট্টগ্রাম মোবাইল ঃ ৬৩৭৫২৩

মতিঝিল অফিস-১২৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। পিএবিএক্স ঃ ৯৫৬৯২০১/৯৫৭১৩৬৪

প্রকাশকাল

প্রথম প্রকাশঃ একুশে বইমেলা ২০১২

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা

মহিউদ্দিন আকবর

মুদ্রাকর

বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ

১২৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। পিএবিএক্স ঃ ৯৫৭১৩৬৪/৯৫৬৯২০১

মূল্য ঃ ১২০ টাকা

প্রাপ্তিস্থান

বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ

১৫০-১৫২ গভঃ নিউমার্কেট, আজিমপুর, ঢাকা। ফোন ঃ ৯৬৬৩৮৬৩

৩৮/৪ মান্নান মার্কেট (২য় তলা), বাংলাবাজার, ঢাকা। ফোন ঃ ৭১৬৩৮৮৫

CHHARAY CHHARY ISLAM by MOHSIN HOSSAIN

Published by: S.M. Raisuddin, Director-Publication

Bangladesh Co-operative Book Society Ltd. 125 Motijheel C/A, Dhaka-1000.

First Edition 2011, Price: Tk.: 120.00 U$ : 5 ISBN- 984-70241-0046-7

www.pathagar.com

# সূচিপত্র


পথ দিশারী -৪
জেগে আছি -৫
এক পরিচয় -৬
শপথ করো -৭
দিশারী কুরআন -৮
লড়বো হাসি হাসি -৯
বেরিয়ে এসো -১০
মুজাহিদের পাথেয় -১১
হে মুজাহিদ -১২
এক কাতারে -১৩
দেশকে ভালোবাসি -১৪
আপন সবার -১৫
ধ্বংস হবে -১৬
শমশীর -১৭
আল্লাহর রাহে -১৮
সেই পথ দাও -১৯
মানি না কুফরী -২০
কারবালা প্রান্তর -২১
ফিরিব আবার -২২
জ্বীহাদের কাফেলায় -২৩
ওগো রহমান -২৩
রচি আল্লাহর নাম -২৪
আল্লাহর পয়গাম -২৫
দিন শেষ বাতিলের -২৫
সাবধান মুনাফিক -২৬
একি দুর্দশা -২৭
ইতিহাস -২৮
দুর্বল নও -২৯
মর্দে মুমিন -৩০
বাতেলের নও জানি -৩১
সময় এসেছে -৩১
জ্বীহাদের মাঠে -৩২



www.pathagar.com

# পথ দিশারী

আমরা মুসলমান ও ভাই
আমরা মুসলমান,
খোদার বিধান সত্যজানি
আর মানি কুর্‌আন।


রসুল হলেন পথ দিশারী
নেতৃ সেনানীর,
চলবো সবাই জ্বীহাদ মাঠে
অগ্রগামী বীর।


সত্য ন্যায়ের চলবো পথে
খোদাতে মশগুল,
সুপারিশে আছেন জানি
রসুলে মকবুল।





www.pathagar.com





## জেগে আছি

আপন তেজে ভেঙ্গে দিলেন
জাহেলিয়াত-ঘোর
প্রিয় রসুল মোর।

হাতে নিলেন তরবার
ঘোড়ায় আসোয়ার
দীন দুখীদের প্রিয়ভাজন
মহান আলামীন-

আমরা সবাই নবীর পথে
জেগে আছি রাত্রি হতে
গুণবো না আর দিন
খুঁজছি আমরা সত্যপথের
যুগের আরেফিন।




www.pathagar.com

## এক পরিচয়

আমরা সবে পড়বো নামাজ
একজামাতে মিশে,
আল্লাহ দেবেন দয়া করে
সত্য পথের দিশে।


ছোট বড়ো সবাই সমান
খোলা সবার দিল
রাখবো নাকো হিংসা মনে
বন্ধু অনাবিল।

দীন-দরিদ্র-আমীর-রাজা
সকলে ভাই ভাই
মুমিন সবাই একপরিচয়
আর পরিচয় নাই।





www.pathagar.com



## শপথ করো

মোয়াজ্জিনে হাঁক দিয়েছেন
উঠবে রবী ওই,
পড়বো নামাজ এক জামাতে
ভাই বোনেরা কই?


নামাজ পড়ো শপথ করো
সব গড়েছেন তিনি,
চলবো সবাই তারি পথে
আল্লাহ পাক যিনি।

আল-কুরআনের মানবো বিধান
অন্য বিধান নয়,
পাক্ কুরআনে লেখা আছে
তা যে পরিচয়।





www.pathagar.com



# দিশারী কুরআন


আমরা মুসলমান
আল্লাহ জ্ঞানে জ্ঞানী আমরা
আমরা জ্ঞানবান।

কাঁদছে কতো দিশেহারা
চোখে তাদের অশ্রুধারা
শুকিয়ে গেছে প্রাণ
ওদের ব্যথা করবো মোচন
সহায় রহমান।

ঘৃণা করি জুলুম বাজী
বীর সেনানী আমরা গাজী
দিশারী কুরআন
জ্ঞানী আমরা সকল যুগের
মানি খোদ ফরমান।



www.pathagar.com



## লড়বো হাসি হাসি

যিকির আনে শক্তি সাহস
দিলকে করে তাজা
সালাত রোযা করবো নাকো
ভুলেও কভু কাযা।

হজ্ব, যাকাত ও কালেমা নিয়ে
লড়বো হাসি হাসি,
পালিয়ে যাবে জীবন নিয়ে
জালিম অবিশ্বাসী।

সত্য পথের পথিকেরা
হবে না লাঞ্ছিত,
আজকে পাবে ঈমানীপথ
যা ছিলো বাঞ্ছিত।



www.pathagar.com




## বেরিয়ে এসো

শোষক যারা শোষণ করে
জাকিয়ে মাটি দেশ,
ভুলে গিয়ে আল্লাহর বাণী
কুরআনী নির্দেশ।

স্বার্থ নিয়ে আছে মেতে
অনেক মুনাফিক,
লুটছে তারা আপন হাতে
ওইতো চারি দিক।

বেরিয়ে এসো ভাই বোনেরা
হাজার লাখে লাখো,
জালিমদের ওই জুলুমবাজী
সইতে পারি নাকো।






www.pathagar.com

## মুজাহিদের পাথেয়

পাপে তাপে ঘিরছে জগৎ
নয়তো বসে থাকা,
অত্যাচারীর অত্যাচারে
যায়না জীবন রাখা।

সুদ, ঘুষ আর তোষামোদে
গ্রাস করেছে ধরা,
জ্বীহাদী বেশ ধারন করে
বেবিয়ে এসো ত্বরা।

ধিক্ ধিক্ ধিক্ ধিক্
কাফির মুনাফিক,
মুজাহিদের পায়ের ধ্বনি
শুনছি চারিদিক।





www.pathagar.com

## হে মুজাহিদ

জালিম শোষক ভাত কেড়েছে
হাত তো বাঁধে নাই
এবার বদলা নেওয়া চাই।।

শুকিয়ে দেহের হাড়
ওদের রাখা এঁটে কুটা
খাইয়ে ভাতের মাড়।

ওরা থাকে আমীর-সাজে
আমরা তাদের ভাই,
হে মুজাহিদ জাগো এবার
বদলা নেওয়া চাই।।







www.pathagar.com

# এক কাতারে

আমরা কিশোর ফুলের মতো
তরতাজা সব প্রাণ,
সবার লাগি করবো ভালো
আল্লাহ্ যাহাচান।


এক কাতারে রইবো সবাই
বিলিয়ে জীবনটারে,
পণ করেছি কাটবে জীবন
পরের উপকারে।

দুখীজনের করলে সেবা
আল্লাহ ভালোবাসে,
থাক না চলে এ-ছারজীবন
যায় না কিছু আসে।





www.pathagar.com



## দেশকে ভালোবাসি

আমরা দেশকে ভালোবাসি,
ফুটাতে চাই অনাথ দুখী
সবার মুখে হাসি।

ইনসানে যে ভালোবাসে
আল্লা'কে সে পায়,
আল্লাহ তারে রাখেন ঘিরে
রহমতের ছায়।

সময় এলে বিলিয়ে দেব
দেশের তরে প্রাণ,
সবার চেয়ে প্রিয় আল্লাহর
মহান শহীদান।।





www.pathagar.com


## আপন সবার


ফসল ফলে মাঠে মাঠে
ধানের নাচা নাচি,
ফুলে ফুলে গান গেয়ে যায়
গুণ গুণ মৌমাছি।

নদী চলে কুলু কুলু
সাগর পানে ধেয়ে,
গাছের ডালে ডাকছে পাখি
সুরেলা গান গেয়ে?

সবার গানে একই কথা
আল্লাহ মহান নাম,
আল্লাহ শুধু আপন সবার
আপন অবিরাম।










www.pathagar.com




## ধ্বংস হবে

হক ও বাতেল লড়ছে আজি
সবার জানা জানি,
বাতেল এবার মুছে যাবে
চলছে কানাকানি।


মৃত্যু ভয়ে নিমকহারাম
ফাসেক বেদ্বীনেরা,
ভয়ে ভয়ে গোপন পথে
বাঁধতে চায় যে ডেরা।

ঐ ডেরা আজ জ্বালতে হবে
আল্লাহর- বিধান,
ধ্বংস হবে আল-মুমিনের
দুশমন- শয়তান।





www.pathagar.com



## শমশীর

আল্লাহর পথ কঠিন আছে
জাগো ভাই নির্ভিক,
আল্লাহ মহান ধ্বনি তোল সবে
হুংকারে দশদিক।

এ- পথেই জেন প্রিয় হযরত
দিয়েছেন দান্দান,
সাক্ষী রয়েছে বদর ওহুদ
খন্দক ময়দান।

জড়বাদীদের নামাতে হইবে
উদ্ধত যতোশীর,
তৌহিদী জোশে চালাতে হইবে
দুই ধারী শমশীর।



www.pathagar.com



## আল্লাহর রাহে

জীবন আমার আল্লাহর রাহে
অন্যের রাহে নয়,
মুসলিম আমি বিশ্ববিজয়ী
কারে করি আর ভয়।

রসুলের মতো শুভ্র জীবন
করি আমি উদ্দেশ,
জীবনের সাথে আপন মেনেছি
কুরআনের নির্দেশ।

শোষণ, জুলুম, অত্যাচারের
হবে জানি আজ শেষ,
পরেছি আমি আল্লাহর রাহে
তৌহিদী রনবেশ।





www.pathagar.com



## সেই পথ দাও

জীবনে মরণে ইসলামী দ্বীন
রাখি যেন উডডীন,
সেই পথ দাও আল্লাহ আমায়
যেই পথে সালেকিন।

সৎ পথে রবো জিন্দেগী ভর
কুরআনের ফরমান,
এই যমনায় আরবার দাও
উমরের জীন্দান।

এই যমানায় আরবার দাও
খালিদের হুংকার,
বিশ্ব আবার দুলিয়া উঠুক
দূর হোক আঁধিয়ার।।





www.pathagar.com




# মানিনা কুফরী

বিশ্ব আমার ধাম,
খোদার বান্দা মুসলিম মোর নাম।


শপথ করেছি সঙ্গীন হাতে
জাগিব উষার শুভ্র এরাতে
হায়দরী হাঁক হাঁকিয়া আলীর
গাহি যে মৃত্যু- গান

পরোয়া কাহারো নাই আজ জানা
মানিনা আজিকে, পেছনের মানা
উৎসর্গিত প্রাণ,
কুরআনকে আমি সত্যমানি
আল্লাহর ফরমান।।





www.pathagar.com



## কারবালা প্রান্তর


মুসলিম সব হাতে লই শমশের
বিশ্ববিজয়ে বাহির হইব ফের ।।

ছুটে যাবো আজ আল্লাহর ডাকে
দ্বীন ইসলামী রণে,
থাকবো না আর ভীরুদের মতো
লড়িব ভীষণ পনে।

বদর ওহুদ চোখে ভাসে শুধু
কারবালা প্রান্তর,
তৌহিদী জোসে দুর্গ হয়েছে
আমাদের প্রতিঘর ।।



www.pathagar.com



## ফিরিব আবার

ভেসে ওঠে ওই সম্মুখে আজ
আরাফাত ময়দান,
অশ্রু ঝরায় যেখানে যাইয়া
বিশ্ব মুসলমান।

যেখানে রসুল পেয়েছেন নিজ
কুরআনের সওগাত,
রসুল প্রেমিক গোপনে ঝরায়
অশ্রু যে নির্ঘাত।

কাবার হারেমে নামাজ পড়িব
কুরআন বক্ষে টানি,
বাংলাদেশে ফিরিব আবার
জ্বীহাদের জোস আনি।




www.pathagar.com

## জ্বীহাদের কাফেলায়

মুসলমানের জীবন সেতো
জীহাদের কাফেলায়,
হাতে আমাদের কুরআন সনদ
চলি দুর্মদ পায়।

ভেড়ার জীবন চাইনা আমরা
চাই সিংহের গতি,
ঘন আঁধারেই পথ বলে দেয়
আল-কুরআনের জ্যোতি।

ধ্বংস করিব মুজাহিদ আজ
তাগুদের শক্তির,
কুরআনের বাণী সত্যকে মানি
বলিষ্ঠ- যুক্তির।



## ওগো রহমান

মরুভূর সেই খেঁজুর পাটির
শয্যা রচিয়া যিনি-
থাকিতেন শুয়ে আল্লাহর দাস
খলিফা উমর তিনি।

অনাহারে যদি কুকুর মরিত
কেঁদে হইতেন সারা,
আল্লাহর ভয়ে দুই চোখে তার
ঝরিত শোকের ধারা।

সে উমর চাই ওগো আল্লাহ্
আমরা যে বুঝদিল,
পৌঁছিতে চাই তোমার দয়ায়
মকসুদে মঞ্জিল।





www.pathagar.com




## রচি আল্লাহর নাম

খালিদের জাত মুসলিম আজ
বীর মুসা তারেকের,
সৈনিক সবে লৌহুঝরা পথে
ঈমানের শপথের।

অত্যাচারকে বাধা দিয়ে যাবো
সংগ্রামে আনিবার
জ্বীহাদের মাঠে শার্দুল সব
লড়ে যাবো দুর্বার।

বিন- কাসিমের তালোয়ার হাতে
আনিয়াছি পয়গাম,
পাপ তাপ ঘেরা সমাজের মাঝে
রচি আল্লাহর নাম।





www.pathagar.com



## আল্লাহর পয়গাম

লাত মানতের পূজারীরা হুশিয়ার
মিথ্যা ব্যাসাত শেষ হলো আজ
শেষ হলো আঁধিয়ার।

আমাদের হাতে আল্লাহর পয়গাম
মুখে জপি সবে আল্লাহ নবীর নাম
আমাদের ভয়ে কাঁপে আজ আজাজিল
মুজাহিদ সব সৈনিক শের-দিল।

আমরা জ্বীহাদী চির বিপ্লবী
নেতা নবী হযরত,
মানুষের লাগি রচিব হেতায়
শান্তির নব পথ।

## দিন শেষ-বাতিলের


আর শুয়ে নয় রাতের তাঁবুতে
দিন এলো আগুনের,
তুলে ধরো তুমি প্রজ্ঞা নিশান
দিন শেষ বাতিলের।

গাছে গাছে আজ লাল ফুল ফুটে
অধিকার নাও তুমি মুঠে মুঠে
দিন এলো ফাগুনের,
জাগিবার দিন এসেছে আবার
ঘুমন্ত মুমিনের।
রসুল তোমার তৌহিদী নেতা
নির্ভিক তুমি শের।।






www.pathagar.com



## সাবধান মুনাফিক

পদ্মা মেঘনা যমুনার কূলে
লাখো মুজাহিদ জাগে শীর তুলে
ভেদ করে আসমান,
লয়ে দ্বীনি ফরমান।

আল-কুরআনের আলোয় ভাসিত
তাওদি শক্তি সমূলে নাশিত
সাবধান মুনাফিক,
দ্বীনি সমাজ গড়িবো আমরা
স্বোচ্চার চারিদিক
চির জ্বীহাদী জেগেছি আমরা
শাশ্বত নির্ভিক।।





www.pathagar.com



## একি দুর্দশা

সারা জাহানই নাজরানা দিতো
তোমায় মুসলমান
খোদ আল্লাহর শান।

তোমার চরণে লুটাইতো গিরি
নদীও সাগর পথ পেত ফিরি
তোমার সামনে খোলা ছিলো জেন
জীহাদের ময়দান,
বিশ্ব তোমার লুটাইতো পায়ে
বলিতো বন্দেগান।

আজকে তোমার একি দুর্দশা
সিংহের দল তরু ছায়ে বসা
তাড়াবেনা শয়তান?
তোমাকে আল্লাহ দিয়েছেন জেন
শাসনের ফরমান।



www.pathagar.com



## ইতিহাস

পড়োনি কি তুমি মুঘলের ইতিহাস
বাবুর সেলিম আলমগীর কি
দেয় নাই আশ্বাস?

নফসের দাস ছিলো নাকো তারা
ছিলো নাকো বুঝ্‌দিল,
হিন্দে গড়িলো, মহামিলনের
গর্বিত মঞ্জিল।

বাতেলের সাথে সন্ধি করেনি
তারা জীবনের বাঁকে,
দ্বীনদার তুমি মুসলিম সেনা
ভয় পাও আজ কাকে?।





www.pathagar.com



## দুর্বল নও

উদয়নালাও পলাশীর মাঠ
করে আজো হাহাকার
সেই মাঠে আজো পড়ে আছে দেখ
মুক্তির তালোয়ার।

কাটোয়া ঘেরিয়া বালাকোটে আজো
জ্বীহাদের হাওয়া বয়,
হায়দার আলী টীপু সুলতান
ডাকিতেছে নির্ভয়।

বন্ধুরা শোন তোমার পেছনে
খুন রাঙা ইতিহাস,
দুর্বল নও মুসলিম তুমি
নহো রসুমের দাস।





www.pathagar.com

## মর্দে মুমিন

সৈয়দ ব্রেলভী খুনেরাঙ্গা পথে
করিয়ে জীবন পন,
ইসমাইলও বালাকোট মাঠে
করে দুর্বার রণ।

বাতেলের সাথে সন্ধি করেনি
জীবনেও কোন দিন,
মর্দে মুমিন সাচ্চা জ্বীহাদী
দরবেশ সালেকিন।

আমাদের প্রাণ আল্লাহর রাহে
বুকে কুরআনের বাণী,
শহীদ কিংবা বিজয়ী হইবো
এই টুকু শুধু জানি।






www.pathagar.com

## বাতেলের নও জানি

শত প্রলয়ের অশনি যে তুমি
দুনিয়ার তীরে তীরে,
বহু বিজয়ের গর্বিত প্রাণ
গর্ব বহিছো শিরে।

তরাইন মাঠে ভারত বিজয়
ওগো মুসলিম বীর,
আরবার দাও পরীক্ষা তুমি
তৌহিদী শক্তির।

তৌহিদী প্রাণ দ্বীনদার তুমি
বাতেলের নও জানি,
তোমার পথের দিশারী বন্ধু
আল-কুরআনের বাণী।



## সময় এসেছে

আঁধারের বাধা বন্ধন টুটে
চলে আয় দিনে জাগাবার
সময় এসেছে আমাকে আবার
জুলুম শোষণ তাড়াবার।

মজলুম আজ কাঁদিবেনা আর
দিন আসিয়াছে শপথের
উড্ডীন হেথা চাই নাকো আজ
মিছা শান্তির কপোতের।

বীর মুজাহিদ বন্ধন টুটে
ছুটে চলো দ্বীন- ঠিকানায়
কদম কদম চলো ছুটে ভাই
আল্লাহ নবীর ইশারায়।



www.pathagar.com



## জ্বীহাদের মাঠে

কেই কেউ বলে ইসলামী দ্বীন
হয়ে গেছে বুঝি শেষ,
ধর্ম শূন্য হয়েছে আজিকে
সদ্যজাত এ-দেশ।

ভুল ভুল সব সবি হলো ভুল
এটা নয় নির্ভুল,
লাখো জনতা জ্বীহাদী চেতনায়
আছে জেন মশগুল।

দুর্মদ তারা বিপ্লবী প্রাণ
ওই ছোটে কাফেলায়,
পদধ্বনি শুনি সারা বাংলায়
জ্বীহাদের মাঠে ধায়।





www.pathagar.com

প্রচ্ছদশিল্পী : মহিউদ্দিন আকবর

BCBS
Estd-1949

বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ
ঢাকা -চট্টগ্রাম

www.pathagar.com